ডা. স্বপ্নীলের ‘পদ্মা সেতু বিপুল সম্ভাবনার অর্থনীতি ও অন্যান্য’ বইয়ের মোড়ক উন্মোচন

চেম্বার ডেস্ক::

গতকাল (৪ জুলাই) ঢাকার এলিফেন্ট রোডে কবিতা ক্যাফেতে অধ্যাপক ডা. মামুন আল মাহতাব স্বপ্নীলের নবম বই ‘ পদ্মা সেতু বিপুল সম্ভাবনার অর্থনীতি ও অন্যান্য’-এর মোড়ক উন্মোচন উপলক্ষে একটি অনারম্বড় অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানটিতে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান, সম্প্রীতি বাংলাদেশের যুগ্ম আহবায়ক অধ্যাপক ডা. উত্তম কুমার বড়ুয়া, বাংলাদেশ আওয়ামী লীগের প্রচার ও প্রকাশনা উপ কমিটির সদস্য রাশেক রহমান, হৃদরোগ বিশেষজ্ঞ অধ্যাপক ডা. মাহবুবুর রহমান বাবু ও মাওলা ব্রাদার্সের প্রকাশক আহমেদ মাহমুদুল হক উপস্থিত থেকে বইটির মোড়ক উন্মোচন করেন। অনুষ্ঠানের শুরুতে পদ্মা সেতু নিয়ে লেখা একটি গান পরিবেশন করেন পল্লী বাউল সমাজ উন্নয়ন সংস্থার শিল্পীরা।

আলোচকবৃন্দ একজন ব্যাস্ত চিকিৎসক হয়েও পেশার বাইরে অধ্যাপক ডা. স্বপ্নীলের সমাজ সচেতনতা এবং লেখালেখি ও নানা সামাজিক সংগঠন ও সিভিল সোসাইটি মুভমেন্টের সাথে তার সংশ্লিষ্টতার প্রশংসা করেন। তারা প্রত্যাশা ব্যাক্ত করেন যে ঘটমান বর্তমান নিয়ে অধ্যাপক ডা. স্বপ্নীলের এই চলমান লেখালেখি একদিকে যেমন অসাম্প্রদায়িকতার চেতনার একটি স্বপ্নের বাংলাদেশের ভীতকে শক্তিশালী করবে, তেমনি পাশাপাশি ভবিষ্যতের প্রজন্ম যখন আজকের অতীতের দিকে ফিরে তাকাবে তখন তাদের সামনে আজকের বাংলাদেশটা ঠিকঠাকমত তুলে ধরার ক্ষেত্রেও এটি গুরুত্বপূর্ণ দলিল হিসেবে বিবেচিত হবে।

উল্লেখ্য ডা. মামুন আল মাহতাব স্বপ্নীল বর্তমানে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের ইন্টারভেনশনাল হেপাটোলজি ডিভিশনের প্রতিষ্ঠাতা প্রধান হিসেবে দায়িত্ব পালন করছেন। তিনি বিশ্ববিদ্যালয়টির হেপাটোলজি বিভাগের সদ্য সাবেক চেয়ারম্যান।

লেখালেখিতে অধ্যাপক ডা. স্বপ্নীলের হাতেখড়ি ঢাকা কলেজে পড়াকালীন সময়ে ১৯৮৬-৮৭ সালে। সেসময় বিভিন্ন সাপ্তাহিক ও দৈনিক পত্রিকায় কলম লিখতেন। তার প্রথম বই, হেনরি কিসিঞ্জারের আত্মজীবনী গ্রন্থ ‘হোয়াইট হাউজ ইয়ারসের’ আংশিক অনুবাদ ‘প্রেক্ষাপট: বাংলাদেশের মুক্তিযুদ্ধ’ প্রকাশিত হয় ১৯৯৩ সালে, যখন তিনি ময়মনসিংহ মেডিকেল কলেজের চতুর্থ বর্ষের ছাত্র। পরের বছর প্রকাশিত হয় তার দ্বিতীয় অনুবাদ গ্রন্থ ভারতীয় সেনাবাহিনীর মেজর জেনারেল (অবঃ) লক্ষন সিংয়ের ওয়ার মেমোয়ার্স ‘একাত্তরের বিজয়’। তার পর দীর্ঘ বিরতিতে তার তৃতীয় ও চতুর্থ গ্রন্থ ‘লিভার চিকিৎসায় নতুন সম্ভবনা’ ও ‘সেকাল একালের কড়চা’ যথাক্রমে প্রকাশিত হয় মুক্ত ধারা মাওলা ব্রাদার্স থেকে ২০১৮ সালে। এ দুটো বই-ই বিভিন্ন জাতীয় দৈনিক ও অনলাইনে নিউজ পোর্টালে সমসাময়িক বিষয়াবলি নিয়ে প্রকাশিত তার প্রবন্ধগুলোর সংকলন। এরপর থেকে মাওলা ব্রাদার্স প্রতি বছরই অধ্যাপক ডা. স্বপ্নীলের পত্রিকায় প্রকাশিত প্রবন্ধগুলো মলাটবন্দী করার কাজটি নিয়মিত করে আসছে। এরই মাঝে একে একে প্রকাশিত হয়েছে তার প্রবন্ধ সংকলন ‘পথ হারাবে না বাংলাদেশ’, ‘এখন সময় বাংলাদেশের’, ‘বঙ্গবন্ধু, মুক্তিযুদ্ধ ও বাংলাদেশ’ এবং সবশেষ ‘কোভিড-১৯’। সমসাময়িক নানা বিষয় ছাড়াও অধ্যাপক ডা. স্বপ্নীলের লেখা ভ্রমন কাহিনী নিয়মিত প্রকাশিত হচ্ছে । বাংলার পাশাপাশি তিনি ইংরেজিতেও লেখালেখি করে থাকেন।